

পরিবেশ ধ্বংসের এই বিপুল আয়োজনে সাধারণ নাগরিকের কি ভূমিকা হবে?

সাথী,

আপনারা জানেন সবুজ মঞ্চ আপনাদেরই সহযোগিতায় ২০০৯ সাল থেকে পরিবেশের বিভিন্ন বিষয়ে জনসচেতনতা ও জনসক্রিয়তা গড়ে তুলতে এবং প্রশাসনকে উদ্যোগী করে তুলতে চেষ্টা করেছে। শব্দ দূষণ, আবর্জনা সঙ্কট, শিল্প দূষণ, জলাশয় ও জলাভূমি ধ্বংস, সবুজ নিধন, নদী সংস্কার ইত্যাদি নানা বিষয়ে আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে সচেতনতা তৈরি, তথ্য অনুসন্ধান, স্থানীয় মানুষের অভিযোগ পর্যালোচনা, দূষণের শিকার মানুষের পাশে দাঁড়ানো, সরকারী স্তরে আলাপ আলোচনা, প্রশাসনের কাছে দাবীদাওয়া পেশ করা ইত্যাদি দায়িত্বের সঙ্গে করে এসেছি। আমাদের সঙ্গে এই রাজ্যের প্রায় সমস্ত গুরুত্বপূর্ণ পরিবেশ সংগঠন, শ্রমজীবী ও মৎস্যজীবী সংগঠন, আইনজীবী এবং পরিবেশ বিশেষজ্ঞরা এই সমস্ত উদ্যোগে আমাদের সঙ্গে থেকেছেন। এই সমস্ত কাজে আমরা কখনো ব্যর্থ হয়েছি, কখনো সফল হয়েছি, কখনো আশানুরূপ ফল হয় নি কিন্তু আমরা প্রচেষ্টা চালিয়ে গেছি।

কিন্তু সাম্প্রতিক কালে কয়েকটি ঘটনায় এই রাজ্যে প্রশাসনের ভূমিকা আমাদের প্রশ্নের মুখে ফেলে দিয়েছে। আদৌ প্রশাসনের কি বিন্দুমাত্র সদিচ্ছা আছে, পরিবেশ সুস্থ রাখার, পরিবেশ দূষণ রোধের আইনগুলি কার্যকরি করার? এইবার দুর্গা পূজার আগে প্রশাসনের ভূমিকা আংশিক দেখে এবং সংবাদ মাধ্যমের মাধ্যমে জানতে পেরে আমাদের মনে হয়েছিল পরিবেশ রক্ষার জন্য হয়ত কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ তাঁরা নিতে চলেছেন। কিন্তু পরবর্তীকালে তাঁদের সার্বিক ভূমিকা দেখে আমরা বিমূঢ় এবং আতঙ্কিত। একথা পরিষ্কার যে অত্যন্ত ক্ষুদ্র এবং ক্ষণস্থায়ী স্বার্থে, তাঁরা পরিবেশ বিষয়ে আইন লঙ্ঘনের প্রতিটি ঘটনায় সাধারণ ভাবে পৃষ্ঠপোষণা করছেন। শব্দ বাজির উৎপাত, বাজি পোড়ানো, ডি জে বাজানো, জাতীয় সরোবর দূষিত করা, আবর্জনা যত্রতত্র ফেলার জন্য উৎসাহিত করা, মধ্য রাতের পরেও জলসা চালিয়ে যেতে দেওয়া – প্রতিটি ঘটনায় পরিবেশ রক্ষার আইনগুলি পালন করতে তাঁরা শুধু ব্যর্থ হয়েছেন বললে কম বলা হয়। তাঁদেরই প্রচ্ছন্ন এবং প্রত্যক্ষ মদতে এগুলি হচ্ছে।

এই অবস্থায় কি করা যায়? আসুন আমরা আলোচনা করি। আগামী ২৭ নভেম্বর ২০১৯, বিকাল ৪ টায় দেশপ্রিয় পার্কের লায়নস্ ক্লাবের হলে (পশ্চিম দিকের গেট) একটি সভার আয়োজন করা হয়েছে। সবুজ মঞ্চের সদস্য ও সমর্থক ছাড়াও বিভিন্ন পেশার ও ক্ষেত্রের বিশিষ্ট নাগরিকদের আমরা আমন্ত্রণ জানাচ্ছি তাঁদের মতামত জানাবার জন্য।

অভিনন্দন সহ,

নব দত্ত

সম্পাদক, সবুজ মঞ্চ

9831172060